

ঘন কুয়াশায় দিল্লিতে দেড় শতাধিক ফ্লাইট বিঘ্নিত

- A Monitor Desk Report

Date: 15 January, 2024



ভারতের দিল্লিতে কয়েক দিন ধরে ঘন কুয়াশায় উড়োজাহাজ ও যান চলাচল ব্যাহত হচ্ছে। মূলত দৃশ্যমানতা কমে যাওয়ায় এসব পরিষেবার ওপর প্রভাব পড়েছে।

স্থানীয় বিমানবন্দর থেকে দেরিতে উড্ডয়ন, অন্য বিমানবন্দরে অবতরণ ও ফ্লাইট বাতিলের ঘটনায় ভোগান্তিতে পড়েছেন যাত্রীরা।

স্থানীয় গণমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, সোমবার (১৫ জানুয়ারি) উত্তর ভারত ঘন কুয়াশায় ঢেকে যাওয়ার পর দিল্লি বিমানবন্দরে ১৬৮টি ফ্লাইট ব্যাহত হয়েছে ও বাতিল হয়েছে ৮৪টি।

দৃশ্যমানতা কমে যাওয়ায় সড়ক পথে যানবাহন চলাচল ও রেল পরিষেবা ব্যাহত হচ্ছে।

এ পরিস্থিতিতে দিল্লিগামী ১৮টির মতো ট্রেন বিলম্বিত হয়েছে। কুয়াশার পাশাপাশি ভারী ঠাণ্ডায় স্টেশনে অপেক্ষমান যাত্রীরা বিপাকে পড়েছেন।

অন্যদিকে বরাবরের মতো দিল্লির বায়ুর মানেও পড়েছে নেতিবাচক প্রভাব।

একই ধরনের কুয়াশার কারণে রবিবার (১৪ জানুয়ারি) দিল্লিতে ফ্লাইট ও ট্রেন পরিষেবা ব্যাহত হয়েছে। বিমানবন্দর এলাকায় দৃশ্যমানতা ছিল শূন্য। এদিন সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৭ ডিগ্রি। এর আগে শুক্রবার শুরু হয় মৌসুমের প্রথম শৈত্যপ্রবাহ। এদিন তাপমাত্রা ছিল ৩ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস। আর শনিবারের রাতে ছিল সবচেয়ে ঠাণ্ডা ৩ ডিগ্রি সেলসিয়াস।

-B